


তাৰিখ... ০৪. SEP. 2016 ...

পঃ... কলাম...>.....

প্রথম তাম্সা



পুরোনো ছবি



বর্তমান ছবি

ঢাকা মাদ্রাসাই আজকের কবি নজরুল কলেজ

রাস্তার পাশে প্রাসাদের মতো দেখতে একটি দোতলা ভবন। ছোট সীমানা দেয়ালের ভেতরে কয়েকটি গাছপালা। ১৯০৪ সালে ঢাকা মাদ্রাসার এই ছবিটি তুলেছেন আলোকচিত্রী ড্রিজ ক্যাপ। ওই বছর ঢাকার অনেক ঐতিহাসিক স্থাপনার ছবি তুলেছিলেন তিনি। সে সময় ঢাকার অন্যতম শিক্ষাপ্রতিষ্ঠান ছিল এই ঢাকা মাদ্রাসা। জাতীয় জ্ঞানকোষ বাংলাপত্তিয়ায় বলা হয়েছে, ১৮৭৩ সালে বাংলার লেফটেন্যান্ট গভর্নর জর্জ ক্যাম্পবেলের সময়ে মাদ্রাসা সংস্কার কমিটির অনুমোদনক্রমে ঢাকায়

সরকারি আলিয়া মাদ্রাসার একটি শাখা প্রতিষ্ঠিত হয়। হাজী মুহম্মদ মুহসীন ফাতের আর্থিক সহযোগিতায় এটি প্রতিষ্ঠিত হয় বলে এর নামকরণ করা হয় মোহসিনীয়া মাদ্রাসা। তবে মাদ্রাসাটি ঢাকা মাদ্রাসা নামেই পরিচিত লাভ করে। যেসব দরিদ্র মুসলিম ছাত্র অর্থনৈতিক অসঙ্গতার জন্য স্কুল-কলেজে যেতে পারত না, তাদের লেখাপড়ার সুযোগ করে দিতেই এটি প্রতিষ্ঠিত হয়। প্রথমে পাটুয়াটুলীর একটি ভাড়া বাসায় কার্যক্রম শুরু হলেও নওয়াব খাজা আবদুল গনি মাদ্রাসার নিজস্ব জমি কেনার জন্য সাড়ে পাঁচ হাজার টাকা দেন। সেই অর্থে বাহাদুর শাহ পার্কের পাশে বর্তমান জায়গায় মাদ্রাসার নিজস্ব ভবন নির্মাণের জন্য ২ একর ৪০ শতাংশ জমি কেনা হয়। এরপর মুসলিম স্থাপত্যরীতি অনুযায়ী মাদ্রাসা ভবন নির্মাণ করা হয়। ১৮৮০ সালে মাদ্রাসাটি এখানে স্থানান্তরিত হয়। ১৯২১ সালে ঢাকা

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে মাদ্রাসাটিকে ইসলামিক ইন্টারমিডিয়েট কলেজে রূপান্তর করা হয়। ১৯৬৮ সালে বাণিজ্য বিভাগ খুলে এর নামকরণ হয় সরকারি ইসলামিয়া কলেজ। ১৯৭২ সালে কলেজের নতুন নামকরণ হয় কবি নজরুল সরকারি কলেজ। মাদ্রাসার মূল ভবনটিতে এখন কলেজের প্রশাসনিক ভবন ও ইংরেজি বিভাগ। সেখানে এখনো ঢাকা মাদ্রাসায় নওয়াব খাজা আবদুল গনির দানের কথা লেখা একটি ফলক রয়েছে।

লেখা : শরিফুল হাসান, ছবি : মনিরুল আলম